



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল  
সংস্থাপন শাখা-২



বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র বিভাগীয় পর্যায়ের কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভার  
কার্যবিবরণী

সভাপতি	মোঃ আমিন উল আহসান বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১২:০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকাণ্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা কর্মদক্ষতা মূল্যায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি অফিসসমূহের জন্য “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)” প্রবর্তন করা হয়। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয় এবং বিভাগীয় কমিশনারগণের সাথে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়েছে। চুক্তি মোতাবেক কার্যক্রমগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অতঃপর সভাপতি মহোদয় অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশালকে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২.২ অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ বিষয়ে সংক্ষিপ্তাকারে উপস্থাপন করেন। উপস্থাপিত আলোচনাসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা হয়:

ক) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রম	২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর গৃহীত সিদ্ধান্ত	গৃহীত সিদ্ধান্তের সমন্বিত বাস্তবায়ন প্রতিবেদন	মন্তব্য
১.	২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা অনুসরণপূর্বক কার্যক্রম সম্পন্ন করতে হবে	২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা অনুসরণপূর্বক কার্যক্রম সম্পন্ন করা হয়	বাস্তবায়ন ১০০%
২.	এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র ত্রৈমাসিক ভিত্তিতে অর্জনকৃত কার্যক্রমের বিপরীতে প্রমাণক দাখিলপূর্বক প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।	২য় ত্রৈমাসিক প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	বাস্তবায়ন ১০০%


খ) সভায় আলোচনা ও সিদ্ধান্ত:

সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

০১। আওতাধীন অফিসের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যান্মাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা/কর্মশালার আয়োজন করতে হবে;

০২। এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র ত্রৈমাসিক ভিত্তিতে অর্জনকৃত কার্যক্রমের বিপরীতে প্রমাণক দাখিলপূর্বক প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।

৩.০ অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিন উল আহসান  
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.১০.০০০০.০০২.৩০.০০৫.২২.৮৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯

০১ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)  
:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) উপমহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল।
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব), বরিশাল।
- ৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল গণপূর্ত জোন, বরিশাল।
- ৬) পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
- ৭) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৮) জেলা প্রশাসক, বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি
- ৯) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় বরিশাল।
- ১০) উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ১১) সিনিয়র সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



মোহাম্মদ আতিকুর রহমান  
সিনিয়র সহকারী কমিশনার